



তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম এডিনিউ,
কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।
www.titasgas.gov.bd



নম্বর: ২৮.১৩.০০০০.৩০১.৩৪.০০১.২৩.৯৯

তারিখ: ১১ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
২৫ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

প্রাপক:

জনাব এ. বি. এম আব্দুল বারী, স্বত্বাধিকারী, মেসার্স বারী এন্টারপ্রাইজ, ৫৪/ডি, মনেশ্বর রোড, জিগাতলা টেনারী মোড়, ঢাকা। ফোনঃ
০১৭১১৬৩০৯৩৮।

বিষয়: তিতাস গ্যাসের ১.৩ শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স বারী এন্টারপ্রাইজকে কালো তালিকাভুক্তকরণ প্রসঙ্গে।

জনাব,

এ মর্মে আপনাকে জানানো যাচ্ছে যে, ঢাকা শহরের রজনীগন্ধা গলি, বিবির বাগিচা ২ নং গেট, যাত্রাবাড়ী এলাকায় গ্যাস সংকট সমাধানকল্পে সম্পূর্ণ গ্রাহক ব্যয়ে ২ ইঞ্চি ব্যাসের ৫০ পিএসআইজি ১৬২ মিটার গ্যাস পাইপলাইন স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ লক্ষ্যে তিতাস গ্যাসের ভান্ডার হতে পাইপলাইন ইস্যু করা হয়েছে। তবে উত্তোলিত পাইপ দ্বারা তিতাস গ্যাসের সংশ্লিষ্ট বিভাগের বিনা অনুমতিতে বা অনুপস্থিতিতে আপনার মালিকানাধীন ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স বারী এন্টারপ্রাইজ এর তত্ত্বাবধানে উক্ত গ্যাস লাইনটি স্থাপন করা হয় মর্মে এলাকাবাসীর পক্ষে জনাব বাদল দেওয়ান (মোবাইল নং-০১৮১৭০৫৬৭০৪), জনাব মোঃ নুরুল ইসলাম ও জনাব মোঃ শাহ আলম (মোবাইল নং-০১৯২৯৪৩৪২৯১) লিখিতভাবে জানিয়েছেন।

তিতাস গ্যাস কর্তৃক ইস্যুকৃত কার্যাদেশ ব্যতিরেকে ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স বারী এন্টারপ্রাইজ এর তত্ত্বাবধানে অননুমোদিতভাবে উল্লিখিত বিতরণ গ্যাস পাইপলাইন স্থাপন করে গ্যাস ব্যবহারের সুযোগ দেয়ার বিষয়টি বেআইনী এবং তালিকাভুক্ত নিয়মাবলীর পরিপন্থী।

এমতাবস্থায়, অননুমোদিতভাবে বিতরণ গ্যাস পাইপলাইন স্থাপন করার দায়ে আপনার মালিকানাধীন ১.৩ শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স বারী এন্টারপ্রাইজকে কালো তালিকাভুক্ত করা হল। কর্তৃপক্ষের নির্দেশনাক্রমে এ আদেশ জারী করা হয়েছে।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

২৫-০৬-২০২৪

প্রকৌ. মো. এনামুল হক ভূঁইয়া
উপমহাব্যবস্থাপক

নম্বর: ২৮.১৩.০০০০.৩০১.৩৪.০০১.২৩.৯৯/১ (৫)

তারিখ: ১১ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
২৫ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক (সকল);
- ২। উপমহাব্যবস্থাপক (সকল);
- ৩। ব্যবস্থাপক (কারিগরি)- সকল;

৪। ব্যবস্থাপক (হিসাব) সকল। এবং

৫। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।



২৫-০৬-২০২৪

প্রকৌ. মো. এনামুল হক ভূঁইয়া
উপমহাব্যবস্থাপক